শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
আইন শাখা-১
পরিবহণ পুল ভবন (কক্ষ নং-৯১২)
সচিবালয় লিংক রোড, ঢাকা।
www.tmed.gov.bd

পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৪৬.০৪.০৪৮.১৯-৩৮৭

তারিখঃ ১০ শ্রাবণ ১৪২৬ / ২৫ জুলাই ২০১৯

বিষয়ঃ রিট পিটিশন নং-১২২৪/২০১৯ মামলার বিষয়ে আইনানুগ পদক্ষেপ গ্রহণসহ গৃহীত ব্যবস্থা সম্পর্কে এ বিভাগকে অবহিতকরণ সংক্রান্ত।

সূত্র: মাননীয় উচ্চ আদালত হতে প্রাপ্ত রিট পিটিশন নং-১২২৪/২০১৯ মামলার রুলনিশি ও আর্জির কপি।

উপর্যুক্ত বিষয়ে সূত্রের মাধ্যমে মাননীয় উচ্চ আদালত হতে প্রাপ্ত রিট পিটিশন নং-১২২৪/২০১৯ মামলার বিবরণ নিম্নরূপ:

| রিট পিটিশন নং | পিটিশনার | রেসপনডেন্ট | মামলা দায়েরের কারণ/বিষয় |
|---|---|---|---|
| ১২২৪/২০১৯ | জনাব মো: আব্দুল গফ্ফার শেখ, সহকারী লাইব্রেরীয়ান, কাহালু টেকনিক্যাল এন্ড কমার্স কলেজ, উপজেলা- কাহালু, জেলা- বগুড়া। | সচিব, শিক্ষা মন্ত্রণালয় ডিজি, ডিটিই ও আরো অন্যান্যসহ মোট ০৪ (চার) জন। | বগুড়া জেলার কাহালু উপজেলাধীন কাহালু টেকনিক্যাল এন্ড কমার্স কলেজ-এর সহকারী লাইব্রেরীয়ান জনাব মো: শেখ আব্দুল গফ্ফার এর এমপিওভুক্ত করার জন্য প্রতিষ্ঠান হতে প্রেরিত প্রস্তাবের প্রেক্তিতে ডিটিই কর্তৃক এমপিও সভায় উপস্থাপন করত: অন্যান্য আরো অসম্পুর্ন ও ত্রুটিপূর্ণ আবেদনের সাথে জনাব আব্দুল গফ্ফার এর নামের পাশে **"১৯৯৫ সালের জনবল কাঠামো অনুযায়ী নিয়োগ এবং ২০১০ জনবল কাঠামো অনুযায়ী পদটি প্যাটার্ন বহির্ভূত"** লিখে এমপিওভুক্ত করার সুযোগ নেই মর্মে ডিটিই হতে ০৯/২/২০১৭ তারিখে কাশিঅ/এমপিও/সভা/২০১৩/১৮ সংখ্যক স্মারকে পত্র জারি করা হয়।<br>উক্ত পত্রের বিরুদ্ধে তার নাম এমপিওভুক্ত করার জন্য সংশ্লিষ্টদের প্রতি নির্দেশনা প্রদানের দাবীতে বর্ণিত সহকারী লাইব্রেরীয়ান জনাব মো: আব্দুল গফ্ফার কর্তৃক মাননীয় উচ্চ আদালতে রিট পিটিশন নং-১২২৪/২০১৯ মামলা দায়ের করা হয়। |

০২। উল্লেখ্য গত ১৮/০২/২০১৯ তারিখে মাননীয় আদালত কর্তৃক শুনানী শেষে "১৯৯৫ সালের জনবল কাঠামো অনুযায়ী নিয়োগ এবং ২০১০ জনবল কাঠামো অনুযায়ী পদটি প্যাটার্ন বহির্ভূত" বিধায় এমপিওভুক্ত করার সুযোগ নেই মর্মে ডিটিই কর্তৃক জারীকৃত ০৯/২/২০১৭ তারিখের কাশিঅ/এমপিও /সভা/২০১৩/১৮ সংখ্যক স্মারকের কাযক্রম কেন বেআইনী ঘোষণা করা হবেনা; এবং পিটিশনার-কে বকেয়াসহ এমপিও তালিকাভুক্ত করার জন্য সংশ্লিষ্টদের প্রতি কেন নির্দেশনা প্রদান করা হবেনা; সে মর্মে ১৯/০৩/২০১৯ তারিখ অথবা উক্ত তারিখের পূর্বে কারণ দর্শানোর জন্য প্রতিপক্ষের প্রতি নির্দেশনা প্রদান করা হয়েছিল।

০৩। উপরিউক্ত মতে রিট মামলায় সরকার পক্ষে জবাব (Affidavit in Opposition) দাখিল হয়েছে কিনা? হয়ে থাকলে মামলার সর্বশেষ অবস্থা কি? জবাব দাখিল না হয়ে থাকলে জরুরিভিত্তিতে মহামান্য আদালতে জবাব (Affidavit in Opposition) দাখিলের ব্যবস্থা গ্রহণক্রমে এ বিভাগকে অবহিত করা আবশ্যক।

০৪। উল্লেখ্য- মামলার ০২ নং প্রতিপক্ষ হিসেবে মহাপরিচালক, কারিগরি শিক্ষা বোর্ড লেখা হয়েছে। যেহেতু মামলার বিষয়টি কারিগরি প্রতিষ্ঠানের এমপিও সংক্রান্ত বিধায় এটি মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর হবে মর্মে প্রতীয়মান।

০৫। এমতাবস্থায়, রিট পিটিশন নং- ১২২৪/২০১৯ মামালার বিষয়ে সরকার পক্ষে জবাব (Affidavit in Opposition) দাখিল করা হয়ে থাকলে এর সর্বশেষ অবস্থা এবং জবাব (Affidavit in Opposition) দাখিল না করা হয়ে থাকলে জরুরিভিত্তিতে মাননীয় আাদালতে জবাব (Affidavit in Opposition) দাখিলক্রমে গৃহীত ব্যবস্থা সম্পর্কে আগামী ০৫/০৮/২০১৯ খ্রি: এর মধ্যে এ বিভাগকে অবহিত (প্রমাণকসহ) করার জন্য নির্দেশক্রমে মহোদয়কে অনুরোধ করা হলো।

২৫/৭/১৯

(মো: আ: খালেক মিঞা)
সিনিয়র সহকারী সচিব (আইন)
ফোন-৪১০৫০১৫৭।

মহাপরিচালক
কারিগরি শিক্ষা অধিদপ্তর
এফ-৪/বি, আগারগাঁও, ঢাকা।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে:

১। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২। সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় (পত্রটি ওয়েভসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৩। অতিরিক্ত সচিব (কারিগরি) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ,শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
৪। যুগ্মসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
৫। অফিস কপি/মাস্টার কপি।

F:\Akram Work\Letter-2017-18.docx